



জাকসুতে জামায়াতের কোম্পানির ব্যালট ব্যবহারের অভিযোগ, কারচুপির শঙ্কা ছাত্রদলের



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জাকসু নির্বাচনে জামায়াতের সঙ্গে সংশ্লিষ্ট কোম্পানির ব্যালট ব্যবহার করে ভোটগ্রহণের অভিযোগ তুলেছে ছাত্রদল সমর্থিত প্রার্থীরা। তাদের দাবি, এতে কারচুপির মাধ্যমে শিবিরপন্থি প্রার্থীদের জয়ী করার নীলনকশা তৈরি হয়েছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনে অনিয়ম ও কারচুপির অভিযোগ তুলেছে ছাত্রদল সমর্থিত প্যানেল। তাদের অভিযোগ, নির্বাচন কমিশন নিয়মিত ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে জামায়াতে ইসলামীর সঙ্গে সম্পৃক্ত একটি কোম্পানি থেকে ব্যালট পেপার ও ওএমআর মেশিন সংগ্রহ করেছে।

বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) দুপুরে মাওলানা ভাসানী হলে এক সংবাদ সম্মেলনে ছাত্রদল সমর্থিত ভিপি প্রার্থী শেখ সাদী হাসান বলেন, “ওএমআর মেশিনে ভোট গণনা বাতিল করলেও একই কোম্পানির ব্যালট ব্যবহার করা হচ্ছে। এর মাধ্যমে শিবির সমর্থিত প্রার্থীদের জয়ী করতেই নীলনকশা করা হয়েছে।”

তিনি আরও জানান, সাধারণ ব্যালট পেপার ব্যবহারের প্রস্তাব দিলেও তা প্রত্যাখ্যান করেছে কমিশন। ফলে শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিরাজ করেছে।

এবারের জাকসু নির্বাচনে মোট ১১ হাজার ৮৯৭ জন শিক্ষার্থী ভোট দেবেন। ২৫টি পদের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছেন ১৭৭ জন প্রার্থী। বামপন্থি, ছাত্রদল, শিবির ও স্বতন্ত্র মিলিয়ে মোট আটটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে।